

অষ্টম পত্র— ২০১৪

পূর্ণমান—১০০

- ১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) কালিদাস রচিত যে-কোনো দুটি কাব্যের বিস্তৃত আলোচনা করে কালিদাসের কবিপ্রতিভার ওপরে আলোকপাত করো। ৭½/ +৭½/ ২
- (খ) “মুচ্ছকটিক” নাটকের কাহিনি সংক্ষেপে লিখে এই নাটককে কতটা আধুনিক বলা যায় তা আলোচনা করো। ৫+১০
- (গ) “উত্তররামচরিত” অবলম্বনে নাট্যকার ভবভূতির কৃতিত্ব বিচার করো। ৫+১০
- ২। যে-কোনো দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫+৫
- অভিজ্ঞান শকুন্তলম্, কাদম্বরী, গীতগোবিন্দম্, বিক্রমোর্বশীয়, হর্ষচরিত।
- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:
- (ক) “ইংরেজি সাহিত্যে ট্রাজেডি সৃষ্টিতে শেক্সপীয়র তুলনারহিত প্রতিভার অধিকারী।”— যে-কোনো দুটি ট্রাজেডি অবলম্বনে মন্তব্যটির যথাার্থ্য আলোচনা করো। ১৫
- (খ) রোমান্টিক যুগের শ্রেষ্ঠ গীতিকবি শেলীর কাব্যপ্রতিভার পরিচয় দাও। ১৫
- (গ) ঔপনিবেশিক ওয়ালটার স্কট-এর প্রতিভার পরিচয় দাও। ১৫
- ৪। যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৫+৫
- প্রমিথিউস আনবাউন্ড, প্যারাডাইস রিগেইন্ড, আর্মস এন্ড দি ম্যান, ওয়েস্টল্যান্ড, ডেভিড কপারফিল্ড।
- ৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) ঔপন্যাসিক প্রেমচন্দ্রের দুটি উপন্যাস অবলম্বনে তাঁর রচনাবৈশিষ্ট্য বিচার করো। ১৪
- (খ) ফণীশ্বরনাথ রেণু ছোটগল্পকার হিসাবে কতখানি সার্থক তা আলোচনা করো। ১৪
- (গ) কবি মহাদেবী বর্মার কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ১৪
- ৬। যে-কোনো একটি বিষয় সম্বন্ধে আলোচনা করো : ৪
- কফন, প্রেম-সরোবর, কুকুরমুণ্ডা।
- ৭। (ক) ‘বিভাবানুভাবব্যভিচারিসংযোগাদ্ রসনিষ্পত্তিঃ’ কীভাবে এই সংযোগ ও নিষ্পত্তি ঘটে, সংক্ষেপে আলোচনা করো। ১৬

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো : ৮+৮

(অ) স্থায়ীভাব (আ) কাব্যং গ্রাহ্যম্ অলঙ্কারং (ই) ব্যঙ্গ্য বা ব্যঞ্জনা।

৮।(ক) “সৌন্দর্যও জগদ্ব্যাপারের মধ্যে ঈশ্বরের ঐশ্বর্যকে প্রকাশ করে, মঙ্গলও মানুষের জীবনে তাহাই করিয়া থাকে”।— এই উক্তির আলোকে রবীন্দ্রনাথ সৌন্দর্যের সঙ্গে মঙ্গলের ধারণাকে কীভাবে মিলিয়ে দিয়েছেন তা সংক্ষিপ্ত প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও। ১৬

অথবা, (খ) যে-কোনো দুটি উদ্ধৃতির সংক্ষিপ্ত আলোচনা করো : ৮+৮

(অ) “চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ। চিত্র ভাবকে আকার দেয় এবং সংগীত ভাবকে গতিদান করে।” (আ) “জগতের উপর মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা — সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।” (ই) “প্রয়োজনের সম্বন্ধে আমাদের দৈন্য, আমাদের দাসত্ব; আনন্দের সম্বন্ধেই আমাদের মুক্তি।”